

হজের নিবন্ধন শুরু আজ

- A Monitor Desk Report

Date: 15 November, 2023



ঢাকা: আগামী বছর হজে যেতে সরকারি-বেসরকারি হজযাত্রীদের নিবন্ধন আজ বুধবার (১৫ নভেম্বর) শুরু হবে। নিবন্ধন কার্যক্রম শেষ হবে আগামী ১০ ডিসেম্বর।

ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের হজের নিবন্ধনের বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনার (হজ অ্যাজেন্সি) হজযাত্রীরা ১৫ নভেম্বর থেকে নিবন্ধনের টাকা জমা দিতে পারবেন। আগামী ১০ ডিসেম্বর পর্যন্ত নিবন্ধনের টাকা জমা নেয়া হবে।

আরও পড়ুন: [দুর্নীতিগ্রস্ত কেউ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে থাকতে পারবে না](#)

আগামী ৩০ নভেম্বর পর্যন্ত সরকারি ব্যবস্থাপনায় প্রাক-নিবন্ধিত সব হজযাত্রী নিবন্ধন করতে পারবেন। বেসরকারি ব্যবস্থাপনায় সর্বশেষ নিবন্ধনের ক্রমিক ৯১০০৯৬।

চাঁদ দেখা সাপেক্ষে আগামী বছরের ১৬ জুন (১৪৪৫ হিজরি সনের ৯ জিলহজ) পবিত্র হজ অনুষ্ঠিত হবে। চলতি বছরের মতো আগামী বছরও (২০২৪ সাল) বাংলাদেশ থেকে এক লাখ ২৭ হাজার ১৯৮ জন হজ করতে পারবেন। এর মধ্যে সরকারি মাধ্যমের কোটায় ১০ হাজার ১৯৮ জন ও বেসরকারি অ্যাজেন্সির কোটায় এক লাখ ১৭ হাজার জন হজ পালন করতে পারবেন বলে ধর্ম মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে।

সরকারিভাবে আগামী বছর হজে যেতে সাধারণ প্যাকেজে ৫ লাখ ৭৮ হাজার ৮৪০ টাকা খরচ ধরা হয়েছে। বিশেষ হজ প্যাকেজের মাধ্যমে হজ পালনে খরচ হবে ৯ লাখ ৩৬ হাজার ৩২০ টাকা।

অন্যদিকে বেসরকারিভাবে অ্যাজেন্সিগুলোর মাধ্যমে সাধারণ প্যাকেজে হজ পালনে সর্বনিম্ন খরচ হবে ৫ লাখ ৮৯ হাজার ৮০০ টাকা। বিশেষ

প্যাকেজের মাধ্যমে হজ পালনে খরচ হবে ৬ লাখ ৯৯ হাজার ৩০০ টাকা।

সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের প্রাক-নিবন্ধনের সময় নেয়া ২৯ হাজার টাকা বাদে প্যাকেজের বাকি টাকা দিয়ে নিবন্ধন সম্পন্ন করতে হবে। তবে বেসরকারি ব্যবস্থাপনার অ্যাজেন্সির হজযাত্রীরা ২ লাখ ৫ হাজার টাকা দিয়ে নিবন্ধন করতে পারবেন। তাদের হজ প্যাকেজের বাকি টাকা আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে জমা দেয়া যাবে বলেও জানিয়েছে হজ অ্যাজেন্সিস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)।

ধর্ম মন্ত্রণালয়ের হজের নিবন্ধনের বিজ্ঞপ্তিতে জানানো হয়, নিবন্ধনের জন্য হজযাত্রীদের পাসপোর্টের মেয়াদ আগামী বছরের ৩০ ডিসেম্বর পর্যন্ত থাকতে হবে। হজযাত্রীরা নিবন্ধনের আগে হজ প্যাকেজ সম্পর্কে অবহিত হয়ে নিবন্ধন করবেন, নিবন্ধনের পর প্যাকেজ পরিবর্তনের সুযোগ থাকবে না। নিবন্ধনের পর হজে যেতে অসমর্থ হলে এরই মধ্যে ব্যয় করা অর্থ কর্তনের পর অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

এতে আরো বলা হয়, হজের খরচ কোনো কারণে বাড়লে তা প্যাকেজ মূল্য হিসেবে গণ্য হবে এবং হজযাত্রীকে তা পরিশোধ করতে হবে। সৌদি আরবে হইল চেয়ার ব্যবহারের প্রয়োজন হলে নিজ উদ্যোগে তা সংগ্রহ ও ব্যবহার করতে হবে। প্লেনের টিকিট পরিবর্তনের প্রয়োজন হলে এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করে নিজ দায়িত্বে টিকিট পরিবর্তন করতে হবে। সব হজযাত্রীর জন্য বিমানের ইকোনমি ক্লাসের টিকিট সরবরাহ করা হবে।

হজযাত্রীর সুযোগ-সুবিধা উল্লেখ করে হজ অ্যাজেন্সি হজযাত্রীর সাথে লিখিত চুক্তি সম্পাদন করবে। অ্যাজেন্সি তার নিবন্ধিত হজযাত্রীর সর্বোচ্চ ৫ শতাংশ প্রতিস্থাপন করতে পারবে বলে নিবন্ধনের বিজ্ঞপ্তিতে জানানো হয়।

মঙ্গলবার (১৪ নভেম্বর)বেসরকারি ব্যবস্থাপনার হজ প্যাকেজ ঘোষণার সময় হাবের সভাপতি এম শাহাদাত হোসাইন তসলিম বলেন, ‘হজ অ্যাজেন্সির অ্যাকাউন্টে পুরো টাকা জমা দেয়া ছাড়া মধ্যস্বত্বভোগী, দালাল কিংবা ফরিয়াদের হাতে টাকা দিলে হজযাত্রী প্রতারণিত হতে পারেন। হজযাত্রীরা মধ্যস্বত্বভোগী বা দালালদের সাথে হজে যাওয়ার জন্য কোনো ধরনের আর্থিক লেনদেন করে প্রতারণিত হলে এজন্য সরকার কিংবা হাব বা হজ অ্যাজেন্সি দায়ি থাকবে না।’

-B